

## 💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ প্রথম পর্যায়ের মুসলিমগণের ধৈর্য ও দৃঢ়তা এবং এর অন্তর্নিহিত কারণসমূহ (عَوَامِلُ الصَّبْرِ وَالثُبَاتِ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

৩. দोशिष्ठतात्थत অनुভূতि (الشُّعُوْرُ بِالْمَسْنُوْلَيَّةِ):

সাহাবীগণ (রাঃ) এটা সুস্পষ্টভাবে অবগত ছিলেন যে, এ একমুষ্টি মাটি যাকে 'মানুষ' বলে আখ্যায়িত করা হয়েছে আল্লাহর তরফ থেকে তার উপর যে বিশাল এবং দুর্বহ দায়িত্ব অর্পিত হয়েছে কোন অবস্থাতেই তা থেকে বিমুখ হওয়া কিংবা তাকে এড়িয়ে চলা সম্ভব নয়। কারণ, দায়িত্ববিমুখ হলে কিংবা দায়-দায়িত্ব এড়িয়ে গেলে তার ফল যা হবে তা কাফির মুশরিকগণের অন্যায়, অত্যাচার এবং নির্যাতন নিপীড়নের তুলনায় সাত সহস্র গুণ বেশী ভয়াবহ এবং বিধ্বংসকারী হবে। অধিকাংশ কর্তব্যবিমুখ হলে কিংবা কর্তব্য এড়িয়ে গেলে নিজের এবং সমগ্র মানবতার যে ক্ষতি হবে এবং এমন সব সমস্যার উদ্ভব হবে যার তুলনায় এ সব দুঃখ কন্ট এবং ক্ষয়ক্ষতি তেমন কিছুই নয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6127

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন